সরকারি কর্মকর্তার পরিবারকে আট লক্ষ টাকার চেক প্রদান

মেহেরপুর টেংরামারী সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সাবেক সহকারী শিক্ষক দৌলত হোসেন চাকুরীরত অবস্থায় মৃত্যুবরণ করায় তার পরিবারকে আট লক্ষ টাকার চেক প্রদান করা হয়।
গতকাল মঙ্গলবার দুপুরে মেহেরপুর জেলা প্রশাসক এর কার্যালয়ে মৃত দৌলত হোসেন এর স্ত্রী আম্বিয়া খাতুনকে এই চেক তুলে দেন জেলা প্রসাশক ড. মুনসুর আলম খান।
প্রধানমন্ত্রী শেখ হাসিনা ও জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন এর প্রতি কৃতজ্ঞতা জানিয়েছেন মৃত্যুবরণ কারীর পরিবার।

মাল্টা বাগানে শত্রুর হানা

জীবননগরে রাতে পূর্বশত্রুতার জের ধরে কে-বা কারা কৃষকের ১বিঘা জমির মাল্টা বাগান কেটে সাবাড় করে দিয়েছে।
গত সোমবার গভীর রাতে জীবননগর উপজেলার আন্দুলবাড়িয়া ইউনিয়নের কুলতলা দক্ষিণ পাড়ার মৃত আনসার আলী বিশ্বাসের ছেলে কৃষক শ্যামল হক বিশ্বাসের কুলতলা মাঠের ১৪বিঘা মাল্টা বাগানের মধ্যে ১বিঘা জমির মাল্টাসহ গাছ কেটে সাবাড় করে দিয়েছে।
এ ঘটনায় কৃষক দিশেহারা হয়ে পড়েছে। কৃষক শ্যামল বিশ্বাস অভিযোগ করে বলেন, সোমবার রাত ১০টার দিকে আমার বাগানের শ্রমিক বাড়ি চলে যায়।
আর গতকাল সকালে বাগানে এসে দেখি আমার ১বিঘা জমির মাল্টা গাছ কে-বা কারা কেটে দিয়েছে। এ বছর আমার বাগানের প্রতিটি গাছে ব্যাপক হারে ফল ধরেছিল। এতে প্রায় আমার এক লক্ষ টাকার ক্ষতি হয়েছে। আন্দুলবাড়িয়া ইউনিয়ন ব্লক সুপার ভাইজার রাকিব হোসেন বলেন, কুলতলা মাঠে মাল্টা চাষী শ্যামলের জমির প্রায় ১বিঘা জমির মাল্টাগাছ কেটে দিয়েছে এটা আমি শুনেছি। তবে বিষয়টি আমি আমার উদ্ধতর্ন কতৃপক্ষকে জানিয়ে কৃষক শ্যামলকে সার্বিক সহযোগিতা করা হবে।

আন্দুলবাড়িয়া ইউপি সদস্য মাফি বলেন, কৃষক শ্যামল একজন সফল কৃষক সে মাল্টা, কুলসহ সবধরনের চাষাবাদ করে থাকে। তার জমির মাল্টাগাছ কাটার বিষয়টা আসলে খুব দুঃখ জনক। যারা এ ধরনের কাজ করেছে তাদের চিহ্নিত করে আইনগত ব্যবস্থা নেওয়া দরকার।
জীবননগর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) সাইফুল ইসলাম বলেন, রাতে মাল্টা বাগান কাটার বিষয়ে থানায় এখনও পর্যন্ত কোন অভিযোগ পাইনি।
তবে অভিযোগ পেলে তদন্তপূর্বক আইনগত ব্যবস্থা নেওয়া হবে। এদিকে মাল্টা চাষী শ্যামলের জমির মাল্টা গাছ কাটাই এলাকার চাষীদের মধ্যে আতঙ্ক বিরাজ করছে।

চুয়াডাঙ্গায় বিএনপি নেতা শরীফের রোগমুক্তির জন্য দোয়া মাহফিল

মঙ্গলবার বাদ মাগরিব চুয়াডাঙ্গা রজব আলী সুপার মার্কেটে অবস্থিত জেলা বিএনপির কার্যালয়ে জেলা বিএনপির আহবায়ক কমিটির সদস্য ও একাদশ জাতীয় সংসদ নির্বাচনে বিএনপির মনোনীত প্রার্থী শরীফুজ্জামান শরীফ এর রোগ মুক্তি কামনায় দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়েছে।

উক্ত দোয়া মাহফিল পরিচালনা করেন চুয়াডাঙ্গা ভি জে স্কুল মসজিদের পেশ ইমাম সাহেব।

দোয়া মাহফিলে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলা বিএনপির আহবায়ক কমিটির সদস্য ও পৌর কাউন্সিলর সিরাজুল ইসলাম মনি, আবু বক্কর সিদ্দিক আবু, জেলা বিএনপির সাবেক যুগ্ম সম্পাদক মাহামুদুর রহমান পল্টু, জেলা সে¦চ্ছাসেবক দলের সভাপতি শফিকুল ইসলাম পিটু, জেলা বিএনপির নেতা মনিরুজ্জামান লিপটন, জেলা যুবদলের সিনিয়র যুগ্ম সাধারণ সম্পাদক ও চিতলা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আব্দুল সালাম বিপ্লব,

পৌর বিএনপির সাবেক সহ-সভাপতি খায়রুল ইসলাম, যুগ্ম সম্পাদক আবুল কালাম আজাদ, কুদ্দুস মহলদার, জেলা যুবদলের সাংগঠনিক সম্পাদক জাহেদ মোহাম্মদ রাজিব খান, জেলা জাসাস এর সাধারণ সম্পাদক মোঃ সেলিমুল হাবিব সেলিম, আলোকদিয়া ইউনিয়ন বিএনপির সাবেক সাধারণ সম্পাদক মিজানুর রহমান মিজান, খাদিমপুর ইউনিয়ন বিএনপির সাবেক সভাপতি শেরেগুল ইসলাম বিশ্বাস,

সদর থানা বিএনপির সাবেক দপ্তর সম্পাদক তরিকুল আলম জোয়ার্দার বিলু, পৌর বিএনপির সাবেক দপ্তর সম্পাদক ইয়াছিন হাসান কাকন, জেলা যুবদলের সদস্য নাজমুল হক নাজমুল, আব্দুর রশিদ, বেল্টু,

জেলা সে¦চ্ছাসেবক দলের সহ-সভাপতি হাফিজুর রহমান মুক্ত, শামসুল হক ঝন্টু, প্রচার সম্পাদক মাবুদ সরকার, অর্থ সম্পাদক হাবিবুর রহমান রাজিব, তাঁতি বিষয়ক সম্পাদক মহাসিন আলী, সদর থানা যুবদলের নেতা ইমরান মহলদার রিন্টু, হাফিজুর ইসলাম হ্যাপি, সদস্য রুবেল হাসান, আব্দুল সামাদ, তুহিন ইসলাম, জেলা ছাত্রদলের যুগ্ম সম্পাদক আমানুল্লাহ আমান, আরিফ আহমেদ শিপল, জেলা ছাত্রদলের নেতা এম এইস মোস্তফা, শাহাবুদ্দিন, সোহেল সিদ্দিকী সোহেল, রফিক, আরিফুল, ছোটন, আকাশ।

ওয়েভ ফাউন্ডেশন বারাদি শাখার আয়োজনে প্রদর্শনী উপকরণ বিতরণ

মেহেরপুর সদর উপজেলার ওয়েভ ফাউন্ডেশন বারাদি শাখার আয়োজনে উত্তম ব্যবস্থাপনা নিশ্চিত করণের মাধ্যমে গাভী পালন প্রদর্শনী প্রকল্পের আওতায় সদস্যদের মাঝে প্রদর্শনী উপকরণ বিতরণ করা হয়েছে।

মঙ্গলবার দুপুর ২ টায় ওয়েভ ফাউন্ডেশন বারাদি শাখার অফিস কক্ষে ৫ জন সদস্যের মাঝে এ উপকরণ বিতরণ করা হয়।

বারাদি শাখার সদস্যদের মধ্যে বাছাইকৃত মেহেরপুর সদরের রাজনগর গ্রামের ৫ সদস্যের মাঝে মাথাপিছু ৬ হাজার ৫ শত টাকা মূল্যের উপকরণ বিনামূল্যে বিতরণ করা হয়। উপকরণের মধ্যে ছিল বাছুরের খাবার

ঘর তৈরি বাবদ নগদ ২ হাজার ৬ শত টাকা, স্যানিটাইজার, ভায়োডিন, ঔষধপত্র ইত্যাদি।

বিতরণ কালে উপস্থিত ছিলেন ওয়েভ এর এরিয়া সমন্বয়কারী আমিরুল ইসলাম, প্রাণিসম্পদ কর্মকর্তা ডাঃ তুহিন মিয়া, বারাদি শাখার ব্যবস্থাপক লিটন হোসেন, ওয়েভ ভেড়া খামার প্যারাভেট উজ্জ্বল হোসেন, হিসাবরক্ষন কর্মকর্তা রেহেনা খাতুন, পিও টেক আঙ্গুর আলী, এভিএফ শামীম জামানসহ শাখার সকল কর্মচারীবৃন্দ।

ঝিনাইদহে করোনা প্রতিরোধে ৩ দিন ব্যাপী ‘ক্রাশ প্রোগ্রাম’ শুরু

মহামারি করোনা ভাইরাস প্রতিরোধে ঝিনাইদহে শুরু হয়েছে ৩ দিন ব্যাপী ‘ক্রাশ প্রোগ্রাম’।

মঙ্গলবার সকালে শহরের পায়রা চত্বরে জেলা প্রশাসনের আয়োজনে এ কর্মসূচীর উদ্বোধন করা হয়। এসময় জেলা প্রশাসক সরোজ কুমার নাথ, অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) আরিফ উজ-জামান, অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) সেলিম রেজা, সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা বদরুদ্দোজা শুভ, ঝিনাইদহ প্রেস ক্লাবের সভাপতি এম রায়হানসহ জেলার সকল সরকারি দপ্তরের কর্মকর্তা উপস্থিত ছিলেন।

উদ্বোধন শেষে স্বাস্থ্য বিধি মেনে চলাচল, মাস্ক পরা বাধ্যতামূলক করে সচেতনতামূলক প্রচারণা ও লিফলেট বিতরণ করা হয়। পরে শহরের পোস্ট অফিস মোড়, আরাপপুর, হামদহ বাস টার্মিনালসহ বিভিন্ন গুরুত্বপূর্ণ স্থানে ভ্রাম্যমাণ আদালত পরিচালিত হয়। যারা মাস্ক ছাড়া চলাফেরা করছেন তাদের জরিমানা করে মাস্ক দেওয়া হয়।

জেলা প্রশাসক সরোজ কুমার নাথ জানান, করোনার ২য় ঢেউ প্রতিরোধে ঝিনাইদহে নানা কর্মসূচী হাতে নেওয়া হয়েছে। “ক্রাশ প্রোগ্রাম” এর মধ্যে একটি। আগামী ৩ দিন শহরের বিভিন্ন গুরুত্বপূর্ণ স্থানে

সচেতনতামূলক প্রচারণা চালানো হবে। আগামী ১২ নভেম্বর পর্যন্ত এ কর্মসূচী চলবে।

ঝিনাইদহে মুজিব শতবর্ষ ই-সেবা ক্যাম্পেইন উপলক্ষে মতবিনিময় সভা অনুষ্ঠিত

‘বাড়ছে সেবার বহর, গ্রাম হবে শহর’ এ শ্লোগানকে সামনে রেখে ঝিনাইদহে মুজিব শতবর্ষ ই-সেবা ক্যাম্পেইন উপলক্ষে মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে।

মঙ্গলবার সকালে মহারাজপুর ইউনিয়ন ডিজিটাল সেন্টারের আয়োজনে ইউনিয়ন পরিষদ মিলনায়তনে এ সভা অনুষ্ঠিত হয়।

মহারাজপুর ইউনিয়নের চেয়ারম্যান খুরশিদ আলম এর সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা প্রশাসক সরোজ কুমার নাথ।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) আরিফ-উজ-জামান, সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা বদরুদ্দোজা শুভ, ইউনিয়নের সচিব শহিদুল ইসলাম। অনুষ্ঠানটি পরিচালনা করেন ইউনিয়নের ডিজিটাল সেন্টারের উদ্যোক্তা অনুপ অধিকারী।

এসময় আয়োজক অনুপ অধিকারী জানান, ই-সেবা ক্যাম্পেইন উপলক্ষে ডিজিটাল সেবা জনগণের দোরগোড়ায় পৌঁছে দেওয়া হবে। বাংলাদেশকে ডিজিটাল করতে এ ক্যাম্পেইনের মাধ্যমে সরকারি-বেসরকারি সকল প্রকার সেবা প্রদান করা হবে।

ক্যাম্পেইন উপলক্ষে আগতদের বিনামূল্যে সেবা প্রদান করা হচ্ছে। ডিজিটাল সেন্টারের সেবা সর্ম্পকে গ্রামের মানুষকে অবহিতও করা হচ্ছে ।

# [redacted]

[redacted]

মেহেরপুরে বঙ্গবন্ধু সৈনিক লীগ’র ৭১ সদস্য বিশিষ্ট কমিটি গঠন

মেহেরপুর জেলায় বঙ্গবন্ধু সৈনিক লীগ এর ৭১ সদস্য বিশিষ্ট তিন বছর মেয়াদের একটি কমিটি গঠন করা হয়েছে।

মঙ্গলবার বিকালে মেহেরপুর জেলা আওয়ামী লীগের হল রুমে একটি আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। সভায় প্রধান অতিথি হিসেবে ভিডিও কনফারেন্সে উপস্থিত ছিলেন জন প্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন (এমপি)।

এসময় সোহেল রানা কে সভাপতি এবং তরুন আহমেদ কে সহ-সভাপতি করে তিন বছর মেয়াদী বঙ্গবন্ধু সৈনিক লীগ মেহেরপুর জেলা কমিটি গঠন করা হয়েছে।

রুবেল হোসেন, মতিরুল ইসলাম, ফিরোজ আলী, ওবায়দুল রহমান কে সাংগঠনিক সম্পাদক, শ্রী প্রকাশ কুমার অধিকারী কে যুগ্ম-সাধারণ সম্পাদক, আল মামুন কে দপ্তর সম্পাদক, শামিরুল ইসলামকে কৃষি সম্পাদক, সাহারুল ইসলাম কে ধর্ম বিষয়ক সম্পাদক, জামিরুল ইসলামকে যুব ও ক্রীড়া সম্পাদক ও এস এ তৈহিদ সরকার কে সাংস্কৃতিক বিষয়ক সম্পাদক ঘোষনা করা হয়েছে।

মেহেরপুরে আরও একজনের করোনা পজিটিভ

মেহেরপুর নতুন করে আরও একজন করোনা আক্রান্ত হয়েছেন। তিনি মেহেরেপুর সদরের বড় বাজারের বাসিন্দা।

মঙ্গলবার সন্ধ্যায় সিভিল সার্জন কার্যালয় সূত্র জানায়, গত ২৪ ঘন্টায় ১৫ জনের নমুনা পরীক্ষায় রিপোর্টের মধ্যে নেগেটিভ আসে ১৪

জনের। আর পজেটিভ আসে এক জনের। তিনি আরো জানান, এ পর্যন্ত জেলা থেকে সর্বমোট ফলাফল এসেছে ৪৬৮৭ টি, সর্বমোট পজিটিভ ৬৮৪ জন, সুস্থ্য-৫৮৫ জন, মৃত্যু ১৬, ট্রান্সফার্ড ৫৪ জন।

বর্তমানে মেহেরপুর জেলায় পজিটিভ কেইস এর সংখ্যা ২৯ (সদরে-২০, গাংনীতে- ৫, মুজিবনগরে- ৪) জন।

ভিন্নসূূত্রে পাওয়া আক্রান্ত ব্যক্তি হলেন- মেহেরপুর শহরের বড় বাজারের ওমরফারুক (৫১)।

জীবননগরে স্বাস্থ্যবিধি না মানায় জরিমানা করেছে ভ্রাম্যমান আদালত

জীবননগর অফিস ◌ঃচুয়াডাঙ্গা জীবননগরে স্বাস্থ্যবিধি না মেনে বাজারে চলাচল করার অপরাধে পথচারিদের জরিমানা করেছে ভ্রাম্যমান আদালত। মঙ্গলবার দুপুর সাড়ে ১২টার সময় জীবননগর শহরের টাইগার চত্বরে সামনে জীবননগর থানা পুলিশের সহযোগিতায় জীবননগর উপজেলা নির্বাহী অফিসার ও নির্বাহী ম্যাজিস্ট্রেট এস এম মুনিম লিংকন জীবননগর শহরে ভ্রাম্যমানা আদালত পরিচালনা করে স্বাস্থ্যবিধি না মেনে বাজারে আসা এবং মাস্ক পরিধান না করার অপরাধে ১৮জন পথচারিকে ২হাজার ৪০টাকা জরিমানা করেন এবং সকলকে স্বাস্থ্যবিধি মেনে চলাচল জন্য আদেশ প্রদান করেন ।

এ সময় জীবননগর উপজেলা নির্বাহী অফিসার বলেন ,শীতের প্রকোট বাড়ার সাথে সাথে মহামারী করোনা ভাইরাসের প্রার্দুভাব বাড়তে পারে ।এ জন্য আমাদের সকলকে সচেতন হতে হবে এবং স্বাস্থ্যবিধি মেনে চলতে হবে ।যারা স্বাস্থ্যবিধি না মানবে তাদের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা নেওয়াসহ ভ্রাম্যামান আদালতে জরিমানা চলমান থাকবে। ##
মাজেদুল ইসলাম